দৈনিক বাংলা

তারিখ 07 JUN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

০৩

# বাজেটে শিক্ষা, দারিদ্র্য মোচন সর্বোচ্চ অগ্রাধিকার পাবে

## — অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বলেছেন, ১৯৯৪-৯৫ আর্থিক বছরের আসন্ন জাতীয় বাজেটে শিক্ষা, দারিদ্র্য বিমোচন ও কৃষি উন্নয়নে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান অব্যাহত থাকবে।

তিনি বলেন, একটি গ্রামভিত্তিক স্বনির্ভর অর্থনীতি গড়ে তুলতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে উদ্যোগ নিয়েছিলেন, আর্থিক ব্যবস্থা ও বাজেটে তার প্রতিফলন থাকবে। অর্থমন্ত্রী তার সচিবালয়ের অফিসে বাসস'র সঙ্গে এক একান্ত সাক্ষাৎকারে একথা বলেন।

জনাব রহমান ৯ জুন বৃহস্পতিবার সংসদে ১৯৯৪-৯৫ সালের জাতীয় বাজেট পেশ করবেন।

এটা হবে জনাব সাইফুর রহমানের ৬ষ্ঠ বাজেট উপস্থাপন এবং বাংলাদেশের

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বাজেটে শিক্ষা, দারিদ্র্য

(প্রথম পৃষ্ঠার পর)

কোন অর্থমন্ত্রীর সর্বকালের রেকর্ড।

তিনি স্মরণ করেন যে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মর্মান্তিক হত্যাকান্ডের এক সপ্তাহ পর আজকের এইদিনে অর্থাৎ ১৯৮১ সালের ৬ জুন সংসদে তিনি দ্বিতীয় বাজেট উপস্থাপন করেন।

শহীদ জিয়ার প্রতি শ্রদ্ধা নিবেদন করে জনাব সাইফুর রহমান বলেন, গণতন্ত্র ও রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠার মাধ্যমে গ্রামীণ অর্থনীতি উন্নয়নের জন্য তিনি তার মৃত্যু পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে কাজ করেছেন।

তিনি বলেন, ১৩ বছর পর আসন্ন বাজেটে একটি গ্রামভিত্তিক অর্থনীতি উন্নয়নের চেতনা প্রতিফলিত হবে। তিনি বলেন, দারিদ্র্য বিমোচন, শিক্ষা প্রসার, খেতখামার, কলকারখানায় উৎপাদন বৃদ্ধি এবং জনগণের সার্বিক কল্যাণ বয়ে আনার কর্মসূচী হবে বাজেটের অন্যান্য উল্লেখযোগ্য দিক।

বিরোধীদলের বাজেট অধিবেশন বর্জন সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী বলেন, সংসদে বিরোধীদলকে বাজেট অধিবেশনে নিয়ে আসার জন্য সরকার এবং তিনি নিজে আন্তরিক চেষ্টা করছেন। তিনি বলেন, বিরোধীদল বাজেট আলোচনায় তাদের যথাযথ ও গঠনমূলক ভূমিকা পালন করবে বলে তিনি এখনও আশা করেন।

জনাব রহমান বলেন, বিরোধীদল যদি গুরুত্বপূর্ণ বাজেট আলোচনায় অংশগ্রহণ করা থেকে নিজেদের বিরত রাখে তা'হলে তা হবে দুর্ভাগ্যজনক। এটা করলে বিরোধীদলীয় সদস্যরা শুধু সংসদীয় গণতন্ত্র চর্চায় তাদের দায়দায়িত্ব পালনে ব্যর্থই হবেন না, তাদের নির্বাচকমন্ডলীর রায়কেও হেয় করবেন।

### কর্মকর্তাদের সঙ্গে বৈঠক

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বলেছেন, দেশের সার্বিক উন্নতি ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলা এবং আপামর জনসাধারণের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে আগামী অর্থ বছরের বাজেটেবাস্তবদিকনির্দেশনাথাকবে।

তিনি সোমবার সচিবালয়ে তাঁর দফতরে ১৯৯৪-৯৫ অর্থ বছরে বাজেট বক্তৃতার চূড়ান্তকরণ উপলক্ষ্যে অর্থমন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে আলোচনাকালে এ মন্তব্য করেন।